

"উন্নয়নের গণতন্ত্র,
শেখ হাসিনার
মূলমন্ত্র"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার।
আইসিটি শাখা
www.dccoxsbazar.gov.bd

জেলা মাল্টিমিডিয়া ক্লাসরুম বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতি	মো: কামাল হোসেন জেলা প্রশাসক
সভার তারিখ	২৫.০৮.২০১৯ খ্রিস্টাব্দ
সভার সময়	বিকাল ৩.৪৫ টা
স্থান	জেলা প্রশাসকের কার্যালয়ের শহীদ এটিএম জাফর আলম সম্মেলন কক্ষ, কক্সবাজার
উপস্থিতি	পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি মহোদয় পূর্ববর্তী সভার সিদ্ধান্তসমূহ পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

সভাপতি জানান, মাল্টিমিডিয়া ক্লাসরুমে পাঠদানের মাধ্যমে শিক্ষার্থীদের আধুনিক শিক্ষায় ও তথ্য প্রযুক্তি নির্ভর শিক্ষায় মনোযোগী করে পাঠদান অব্যাহত রাখতে হবে। সকল শিক্ষকদের মাল্টিমিডিয়া ক্লাস রুমের মাধ্যমে পাঠদান এবং এমএমসিতে নিয়মিত আপলোড করা বাধ্যতামূলক করা হয়েছে। এ ক্ষেত্রে জেলা ও উপজেলা শিক্ষা অফিসারের ভূমিকা ও দায়িত্ব অপরিসীম। জেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণ প্রয়োজনীয় মনিটরিং ও তদারকির মাধ্যমে এমএমসি শতভাগ নিশ্চিত করতে সচেষ্ট হবেন। সভাপতি বলেন, জেলা ও উপজেলা শিক্ষা অফিসারদের প্রয়োজনীয় পরিদর্শনের মাধ্যমে এমএমসি শতভাগ আপলোড দেয়ার বিষয়টি নিশ্চিত করতে হবে। মাল্টিমিডিয়া ক্লাসরুম ম্যানেজমেন্ট সিস্টেমে (এমএমসি) আপডেট শতভাগ নিশ্চিত করার বিষয়টি জেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারদের নিশ্চিত করতে হবে। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

সিদ্ধান্তসমূহ ঃ-

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	এমএমসি রেজিস্ট্রেশনকৃত বিদ্যালয়সমূহের মাল্টিমিডিয়া ক্লাসরুম ম্যানেজমেন্ট সিস্টেমে আপলোডের বিষয়টি নিশ্চিত করবেন। মাল্টিমিডিয়া ক্লাস বাড়ানোর ব্যবস্থা গ্রহণ করবেন। যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক এমএমসি রেজিস্ট্রেশন করার জন্য শিক্ষকদের অনুরোধ করা হল।	জেলা শিক্ষা অফিসার/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কক্সবাজার
২	মাল্টিমিডিয়া ক্লাসরুম ম্যানেজমেন্ট সিস্টেমে নিয়মিত আপলোড করার বিষয়টি তদারকির লক্ষ্যে গঠিত কমিটি গৃহীত কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করবেন।	১. জেলা শিক্ষা অফিসার, কক্সবাজার ২. তদারকি কমিটি

৩	এমএমসি নিয়মিত আপলোড করণের তথ্য নিয়মিতভাবে সভায় উপস্থাপন করার উপর সভাপতি গুরুত্বারোপ করেন। জেলা শিক্ষা অফিসারের অধীনে অনুষ্ঠিত শিক্ষকদের ট্রেনিং এ এমএমসি আপলোডে বিষয়ে প্রশিক্ষণে একটি মডিউল রাখবেন এবং প্রশিক্ষণ প্রদান করবেন। সহকারী প্রোগ্রামার কর্তৃক ক্লাস রুম সমূহ পরিদর্শন করে তাদের বিরাজমান সমস্যাসমূহ চিহ্নিত করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	১. জেলা শিক্ষা অফিসার ২. সহকারী কমিশনার, (আইসিটি), কক্সবাজার ৩. সহকারী প্রোগ্রামার, কক্সবাজার
৪	সকল শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাস রুমের মাধ্যমে পাঠদান নিশ্চিত করণের লক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে	জেলা শিক্ষা অফিসার, কক্সবাজার
৫	যে সকল শিক্ষা প্রতিষ্ঠান মাল্টিমিডিয়া প্রজেক্টর থাকা সত্ত্বেও মাল্টিমিডিয়া ক্লাস রুম ব্যবহার করেন না সে সকল শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা প্রণয়ন করে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে এবং পরবর্তী সভায় অগ্রগতি উপস্থাপন করতে হবে	জেলা শিক্ষা অফিসার, কক্সবাজার
৬	জেলা শিক্ষা অফিসার প্রতিমাসে ৭টি স্কুল এবং সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার প্রতিমাসে ১১ টি শিক্ষা প্রতিষ্ঠান ভিজিট করবেন এবং প্রতিমাসের সভার ভিজিট বিষয়ে রিপোর্ট দাখিল করবেন।	১. জেলা শিক্ষা অফিসার, কক্সবাজার ২. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কক্সবাজার
৭	উপজেলা শিক্ষা অফিসারগণ নিয়মিতভাবে শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করে মাল্টিমিডিয়া ক্লাসরুম বিষয়ে জেলা প্রশাসক বরবার প্রতিমাসে রিপোর্ট দাখিল করবেন। উপজেলা মাল্টিমিডিয়া ক্লাস রুম পরিচালনার ক্ষেত্রে অসুবিধাসমূহ নিরূপন করে তা সমাধানের যথাযথ ব্যবস্থা গ্রহন করবেন।	উপজেলা নির্বাহী অফিসার, সকল

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন



মো: কামাল হোসেন
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.২০.২২০০.১১৫.০১.০০৬.১৭.২৪৯

তারিখ: ১১ ভাদ্র ১৪২৬

২৬ আগস্ট ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
- ২) বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
- ৩) জেলা শিক্ষা কর্মকর্তা, কক্সবাজার

- ৪) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কক্সবাজার
- ৫) উপজেলা নির্বাহী অফিসার, কক্সবাজার সদর, কক্সবাজার
- ৬) উপজেলা নির্বাহী অফিসার, রামু, কক্সবাজার
- ৭) উপজেলা নির্বাহী অফিসার, চকরিয়া, কক্সবাজার
- ৮) উপজেলা নির্বাহী অফিসার, পেকুয়া, কক্সবাজার
- ৯) উপজেলা নির্বাহী অফিসার, কুতুবদিয়া, কক্সবাজার
- ১০) উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালী, কক্সবাজার
- ১১) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উখিয়া, কক্সবাজার
- ১২) উপজেলা নির্বাহী অফিসার, (সকল)



মো: কামাল হোসেন
জেলা প্রশাসক